

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৫৪৯

পর্ব-২৩: চিকিৎসা ও ঝাড়-ফুঁক (كتاب الطب والرقي)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّانِي

আরবী

وَعَن كَبَشَةَ بِنِت أَبِي بِكَرَةَ: أَنَّ أَبَاهَا كَانَ يُنْهِي أَهْلَهُ عَنِ الْحِجَامَةِ يَوْمَ الثُّلَاثَاءِ وَيَزْعُمُ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَنَّ يَوْمَ الثُّلَاثَاءِ يَوْمُ الدَّمِ وَفِيهِ سَاعَةٌ لَا يَرْقَأُ» . رَوَاهُ أَبُو دَاؤُد

বাংলা

৪৫৪৯-[৩৬] কাবশাহ্ বিনতু আবূ বকরা (রাঃ) হতে বর্ণিত। তাঁর পিতা নিজেই পরিবারের লোকেদেরকে মঙ্গলবারে শিঙ্গা লাগাতে নিষেধ করতেন এবং তিনি বলতেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মঙ্গলবার রক্ত চলাচলের দিন এবং সে দিনের মধ্যে এমন একটি মুহূর্ত আছে, যাতে রক্ত (নির্গত হলে তা) বন্ধ হয় না। (আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ৩৮৬২, য'ঈফ আত্ তারহীব ২০২২, বায়হাক্কী'র কুবরা ২০০২২।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে আছে ''আব্দ বাকরাহ্ বাক্কার ইবনু 'আবদুল 'আযীয'', যিনি নির্ভরযোগ্য নন। আরও একজন বর্ণনাকারী হলেন কায়সাহ্। যিনি কেবল মাজহূলুল হাল নন বরং মাজহূলুল 'আইন। বিস্তারিত দেখুন- সিলসিলাতুয় য'ঈফাহ্ ২২৫১ নং হাদীস, ৫/২৭৮ পুঃ।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (يَوْمُ الدَّمِ) অর্থাৎ এমন দিন যাতে শরীরে অধিক রক্তের সঞ্চালন হয়। এটাও বলা হয় যে, তার অর্থ হলো এ দিনটি রক্তের দিন লেখা ছিল। অর্থাৎ আদামের ছেলে তার ভাইকে হত্যা করেছিল।



(اسَاعَةٌ لَا يَرْقَأً) অর্থাৎ সেদিন রক্ত স্থির থাকে না তথা থামে না। এর অর্থ হলো যদি কোন ব্যক্তি ঐ দিনে শিঙ্গা লাগায় তবে রক্ত বন্ধ না হওয়ার কারণে বেশির ভাগে মৃত্যুর আশঙ্কা থাকে। মহান আল্লাহই ভালো জানেন। ('আওনুল মা'াবূদ ৭ম খন্ড, হাঃ ৩৮৫৮; মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ কাবশাহ্ বিনতু আবূ বাকরা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন